Md. Anwar Hossain
Administrator

BGMEA

সার্কুলার নং বিজিএ/কাস/২০২৫/৮৪ তারিখঃ ১৬ এপ্রিল ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের মাধ্যমে কোরিয়ার/কার্গো যোগে আমদানিকৃত স্যাম্পল ও কাঁচামাল দ্রুত খালাসকরণ প্রসঙ্গে।**

প্রিয় সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম,

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের আমদানিকৃত স্যাম্পল ও কাঁচামাল দ্রুত খালাসের সুবিধার্থে এস,আর,ও নং ৩৩৩-আইন/২০২০/১০৮/কাস্টমস, তারিখঃ ০৯ ডিসেম্বর, ২০২০ইং এর ১২ ধারামতে সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্স (সেলফ সি এন্ড এফ) গ্রহণের সুযোগ রয়েছে।

সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আবেদন ফরম ও এর সাথে প্রয়োজনীয় কাগজপত্রের একটি তালিকা সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

মোঃ আনোয়ার হোসেন
প্রশাসক

সংযুক্তিঃ বর্ণনামতে।



CamScanner

**ফরম-খ**
**(বিধি ৬ ও ১২ দ্রষ্টব্য)**

| পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি |
|---|

## নিজস্ব পণ্য খালাসের জন্য লাইসেন্স প্রাপ্তির আবেদন

বরাবর,
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ
-------------------

মহোদয়,

আমি/আমরা -------------------------------------- কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর আওতায় কাস্টমস এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা :—

১। কোম্পানির/প্রতিষ্ঠানের নাম :
২। কোম্পানির/প্রতিষ্ঠানের ঠিকানা : (মোবাইল ও টেলিফোন নম্বরসহ)
৩। ব্যবসার ধরন (ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারিত্বমূলক, লিমিটেড কোম্পানি ইত্যাদি) :
৪। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম :
৫। কোম্পানির নিবন্ধন সনদপত্র, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেলস অব এসোসিয়েশনের সত্যায়িত কপি :
৬। কাস্টমস এজেন্ট কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম :
৭। ই-টিআইএন নম্বর :
৮। মূল্য সংযোজন কর নিবন্ধনপত্রের সত্যায়িত কপি :
৯। ভ্যাট নিবন্ধন নম্বর :
১০। ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি :
১১। একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা :
১২। কোম্পানির/প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা :
১৩। লাইসেন্সিং বিধিমালার আওতায় ব্যক্তি বা প্রতিষ্ঠান বা যৌথ মালিকানাধীন বা অংশীদারি বা কোম্পানির নামে লাইসেন্স থাকিলে তাহার বিবরণ :
১৪। লাইসেন্স প্রাপ্তির আবেদন প্রত্যাখান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স প্রাপ্তির পর আমি/আমরা এই বিধিমালার বিধানাবলিসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলি মান্য করিব।

আপনার বিশ্বস্ত,

তারিখ :

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সিল)

সংযুক্তি : (বিধি ৭ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা প্রদান করিতে হইবে)
নোট : আবেদনপত্রে কোনো প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

CamScanner

# সেল্ফ ক্লিয়ারেন্স লাইসেন্স প্রাপ্তির জন্য প্রয়োজনীয় দলিলাদি

| ক্রম. | দাখিলকৃত দলিলাদি |
|---|---|
| (০১) | ২০(বিশ) টাকার কোর্ট ফি সম্বলিত নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন; |
| (০২) | নির্ধারিত ফরম "খ" তে আবেদন; |
| (০৩) | অর্থনৈতিক কোড ১৪২২১৯৯ কোডে ৫,০০০/- টাকার এবং অর্থনৈতিক কোড ১১৪১১০১ কোডে ১৫% ভ্যাট হিসেবে ৭৫০/-টাকা এ-চালানের মাধ্যমে জমার চালানপত্র; |
| (০৪) | যৌথ কারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি; |
| (০৫) | প্রতিষ্ঠান লিমিটেড কোম্পানি হলে কোম্পানির নিবন্ধন সনদপত্র, মেমোরেন্ডাম অব আর্টিকেলস অব এসোসিয়েশন এবং আর্টিকেলস অব এসোসিয়েশনের সত্যায়িত কপি; |
| (০৬) | কাস্টমস এজেন্ট কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম, পদবী ও নমুনা স্বাক্ষর; |
| (০৭) | প্রতিষ্ঠানের ই-টিআইন সনদ; |
| (০৮) | মূল্য সংযোজন কর নিবন্ধনপত্র; |
| (০৯) | হালনাগাদ ট্রেড লাইসেন্স; |
| (১০) | একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের সলভেন্সি প্রত্যয়ণপত্র; |
| (১১) | কোম্পানী/প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা; |
| (১২) | স্বত্বাধিকারী/পরিচালক/পার্টনারগণের সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ; |
| (১৩) | লাইসেন্সিং বিধিমালার আওতায় ব্যক্তি বা প্রতিষ্ঠান বা যৌথ মালিকানাধীন বা অংশীদারি বা কোম্পানির নামে ইতোপূর্বে ইস্যুকৃত লাইসেন্স থাকলে তার বিবরণ; |
| (১৪) | ইতোপূর্বে লাইসেন্স প্রাপ্তির আবেদন প্রত্যাখান হয়ে থাকলে তার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করতে হবে। |



CamScanner